ঝিনাইদহে ১ হাজার পরিবার মাঝে চাউল বিতরণ

পবিত্র মাহে রমজান উপলক্ষে ঝিনাইদহে ১ হাজার পরিবারের মাঝে চাউল বিতরণ শুরু করা হয়েছে।আজ মঙ্গলবার (১২ মার্চ) সকালে শহরের আরাপপুর মসজিদ পাড়া এলাকাতে সুফিয়া কাসেম ফাউন্ডেশনের পক্ষ থেকে এ চাউল বিতরণ করা হয়।

অনুষ্ঠানে অতিথি ছিলেন সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাহীন উদ্দীন, ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান, সাধারণ সম্পাদক ফয়সাল আহমেদ, সুফিয়া কাশেম ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক মঞ্জুর হাসান মাসুদ ও অর্ণব ইবনে হাসান।

নেক্সাস মোটরস এর অর্থায়নে সুফিয়া কাসেম ফাউন্ডেশনের উদ্যোগে শহরের পৌর এলাকার ৮ ও ৯ নং ওয়ার্ডসহ বিভিন্ন এলাকার ১ হাজার হতদরিদ্র মানুষের মাঝে খাদ্য সামগ্রী হিসাবে ২৫ কেজি করে চাউল বিতরণ করা হচ্ছে। আগামী এক সপ্তাহ এসব খাদ্য সামগ্রী বিতরণ করা হবে। এছাড়াও প্রতি ৩ মাস পরপর ফ্যামিলি কার্ড ধারী ১ হাজার হতদরিদ্র পরিবারের মাঝে ২৫ কেজি চাউল দেওয়া হয়। চাউল পেয়ে সন্তুষ্টি প্রকাশ করেন হতদরিদ্র মানুষেরা।